দৈনিক বাংলা

023

তারিখ ... 20/7/74 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 4 ...

## প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী চাই

পাবনা জেলার সুজানগর থানার অন্তর্গত হাটিখালী ইউনিয়নে সাগতা গ্রামে ১৯৭২ সালের জানুয়ারী থেকে ৪৫০ জন ছাত্রছাত্রী নিয়ে একটি প্রাথমিক বিদ্যালয় ৫ জন সুদক্ষ শিক্ষক দ্বারা সুষ্ঠুভাবে পরিচালিত হয়ে আসছে। সাগতা গ্রামের লোক সংখ্যা প্রায় চার হাজার। এ গ্রামে কোন সরকারী প্রাথমিক অথবা উচ্চ বিদ্যালয় নেই। তাই দীর্ঘদিন এ গ্রামের ছেলেমেয়েরা শিক্ষার আলো থেকে বঞ্চিত ছিলো। এই প্রেক্ষিতে গ্রামের বিদ্যোৎসাহী জনগণের আর্থিক সাহায্যে ৩৪ ফুট দীর্ঘ ও ১৪ ফুট প্রশস্ত করগেট টিনের নির্মিত একটি ঘরে উক্ত বিদ্যালয়টি চালু করা হয়। কিন্তু বিদ্যালয়টি এখনও সরকারী মঞ্জুরী পায়নি। বর্তমানে আর্থিক অনটনের জন্যে এটি পরিচালনা করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। সরকারী মঞ্জুরী পেলে বিদ্যালয়টি টিকিয়ে রাখা সম্ভব হবে। অন্যথায় যেকোন মুহূর্তে এটি বন্ধ হয়ে যেতে পারে।

অতএব সাগতা গ্রামের এ প্রাথমিক বিদ্যালয়টির সরকারী মঞ্জুরীর জন্যে এলাকাবাসীর পক্ষ থেকে কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

খলিলুর রহমান (বয়েজ),
সাগতা, খলিলপুর,
পাবনা।